গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.১১(অংশ-১).৩৯.২০১৫-৩০৬

তারিখঃ ২৬ ফাল্গুন, ১৪২২বাং
০৯ মার্চ, ২০১৬ইং

**বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রচার প্রসংগে।**

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)''[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):( Phase-2)(1st Revised)]- শীর্ষক প্রকল্পের নিয়োগ বিজ্ঞপ্তিটি www.dyd.gov.bd এ প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।

০৯/৩/২০১৬
(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২, ১ম সংশোধিত)প্রকল্প।
ফোনঃ ৯৫৮৮৩৯২, ফ্যাক্সঃ ৯৫৭৮১০৪
মোবাইলঃ ০১৭১৫১২২৯৬৬
ইমেইলঃ impactphase2dyd@gmail.com

প্রোগ্রামার (আইসিটি)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
(www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.১১(অংশ-১).৩৯.২০১৫-৩০৬

তারিখঃ ২৬ ফাল্গুন, ১৪২২বাং
০৯ মার্চ, ২০১৬ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)" [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT): ( Phase-2)(1st Revised)]" শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত শুন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদের জন্য (জুন ২০১৮ পর্যন্ত) মাসিক সাকুল্যে বেতনে জনবল নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা এবং শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর যে বেতন গ্রেড অনুসারে সাকুল্য বেতন প্রযোজ্য হবে তার গ্রেড | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ | ০৪ (চার)টি (পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে) | গ্রেড-১৬ | অনুর্ধ্ব ৩০ বৎসর | • এইচ.এস.সি পাশ। • কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার MS-Office (MS-word, MS-Excel & MS-Powerpoint). Internet (Browsing, e-mail) বিষয়ে প্রশিক্ষিত হতে হবে। • কম্পিউটার টাইপ স্পিড বাংলা প্রতি মিনিট ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ থাকতে হবে। • অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। • যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, ফেজ-১ এর জনবলের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । • যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, (ফেজ-১) এর কম্পিউটার অপারেটরদেরকে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২ | কমিউনিটি সুপারভাইজার গ্রেড-১৮ | ২৭ (সাতাশ)টি (পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে) | গ্রেড-১৮ | অনুর্ধ্ব ৩০ বৎসর | • এস.এস.সি পাশ । • অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। • যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, ফেজ-১ এর জনবলের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য । • যুব উন্নয়ন অধিদপ্তরের সমাপ্ত ইমপ্যাক্ট, (ফেজ-১) এর কমিউনিটি সুপারভাইজারদেরকে বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে। |

শর্তাবলীঃ

০১। যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bdএর লোকেশনঃ প্রশাসনিক আদেশ(প্রকল্প)ইমপ্যাক্ট(ফেজ-২)-এ আবেদন ফরম পাওয়া যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরম (১ কপি)যথাযথভাবে পূরণপূর্বক আগামী ২৩-০৩-২০১৬খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে(অফিস চলাকালীন সময়ে) অবশ্যই "প্রকল্প পরিচালক, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প , যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০"- এর বরাবরে সরকারী ডাক/কুরিয়ার যোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর এবং হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে ০১কপি ছবি এবং প্রবেশপত্র ০২ কপির প্রতিটির নির্ধারিত স্থানে ০১ কপি করে ছবি আঠা দিয়ে লাগাতে হবে। এ ছাড়া অতিরিক্ত ০২ কপি ছবি(১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০২। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদগুলো সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্প মেয়াদের জন্য চুক্তিভিত্তিক এবং বর্ণিত মেয়াদ পূর্ণ হওয়ার সাথে সাথে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৩। নির্ধারিত সাকুল্য বেতন এবং ভাতাদি জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড অনুসারে সরকারের প্রচলিত বিধি মোতাবেক নির্ধারিত হবে। জাতীয় বেতন স্কেল অর্থ বিভাগ কর্তৃক পরিবর্তন হলে বেতন এবং ভাতাদি ক্ষেত্রে পরিবর্তিত হার সরকারের নির্দেশনা মোতাবেক প্রযোজ্য হবে।

চলমান পাতা/২

০৪। সকল পদের প্রার্থীগণ নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/-(তিন শত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে "১/৩৬৫০/০০০০/২০৩১" নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমাপূর্বক চালানের মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন প্রকার পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনকারীর নামসহ যোগাযোগের ঠিকানা(বর্তমান ঠিকানা) সম্বলিত অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটযুক্ত ১০´×৪.৫´ সাইজের একটি ফেরৎ খাম (খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিভাগের নামসহ) আবেদনের সাথে প্রেরণ করতে হবে।

০৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি।
(খ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের বিষয়ে কোন স্বীকৃত প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সনদদাখিল করতে হবে।
(গ) পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে নামাঙ্কিত সীলমোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।তবে নাগরিকত্ব সনদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের(যদি থাকে) মূল/সত্যায়িত কপি।
(ঘ) অন্যান্য প্রযোজ্য সনদ/কাগজপত্রাদি।

০৭। ব্যবহারিক/মৌখিক পরীক্ষার অংশগ্রহণের সময় সকল কাগজপত্রের মূলকপি এবং ০১(এক) সেট ফটোকপি সংগে আনতে হবে। ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় মূলকাগজপত্র প্রদর্শণে ব্যর্থ হলে বা দাখিলকৃত কাগজপত্র সঠিক না হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

০৮। সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন নির্ধারিত সময়সীমা ২৩-০৩-২০১৬খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে ডাক/কুরিয়ার যোগে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৯। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অংগীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

১০। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যাতিরেকে বাতিল বলে বিবেচিত হবে। এ ছাড়া নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমানিত হলে নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। শুধুমাত্র নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সঠিকভাবে প্রাপ্ত আবেদনকারীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি সম্পর্কে যথাসময়ে অবগত করা হবে।

১২। প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বেশী হতে পারে এবং উল্লেখিত পদের চাকুরী ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্পের আওতায় যে কোন উপজেলায় বদলীযোগ্য।

১৪। বর্ণিত পদগুলো প্রকল্পের বিধায় সম্পূর্ণ অস্থায়ী এবং এ সকল পদে নিয়োগ শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য। নির্বাচিত প্রার্থীদের প্রদত্ত নিয়োগপত্র প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের চাকুরী হতে অব্যাহিতপত্র হিসাবে গণ্য হবে।

১৫। কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট(ফেজ-২,১ম সংশোধিত) প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।